



ঠাকুরগাঁও-১ উপনির্বাচনে জামায়াত প্রার্থীর মনোনয়ন জমা



ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনে ১১ দলীয় এক্য সমর্থিত বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী মো. দেলাওয়ার হোসেন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

শনিবার (২৬ সেপ্টেম্বর) দুপুরে জেলা নির্বাচন কমিশন কার্যালয়ে রিটার্নিং কর্মকর্তা মো. কামরুল ইসলামের কাছে মনোনয়নপত্র জমা দেন তিনি।

মনোনয়ন জমা দেওয়ার পর মো. দেলাওয়ার হোসেন বলেন, গত নির্বাচনে এ আসনে বিএনপির প্রার্থী ও বর্তমান রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে তিনি দাঁড়িপাল্লা প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। এবারের উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে হলে তিনি বিপুল ভোটে জয়ী হবেন বলে আশা প্রকাশ করেন।

তিনি বলেন, সংসদ সদস্য নির্বাচিত হলে ঠাকুরগাঁওকে দুর্নীতি ও সন্ত্রাসমুক্ত করার পাশাপাশি চাঁদাবাজি ও মাদক নির্মূলে কাজ করবেন। একই সঙ্গে সমাজে ইনসারফ ও ন্যায় প্রতিষ্ঠার কথা জানান তিনি।

রিটার্নিং কর্মকর্তা মো. কামরুল ইসলাম বলেন, নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে রাজনৈতিক দল, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সাংবাদিকসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতা প্রয়োজন।

এ উপনির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ সময় ২৭ সেপ্টেম্বর। মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাষ্ট্রপতি হওয়ায় ঠাকুরগাঁও-১ আসনটি শূন্য হয়। আগামী ২৯ অক্টোবর এ আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

ঠাকুরগাঁও সদর, রুহিয়া ও ভুল্লী উপজেলা নিয়ে গঠিত এ আসনে মোট ভোটার ৫ লাখ ১৬ হাজার ১৩৮ জন।